Australian Government

Department of Health

# তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণ

## আপনার জন্য নির্দেশিকা - সম্পূরক সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্য



**ISBN 978-1-74186-147-1**

**অনলাইন ISBN: 978-1-74186-148-8**

**কপিরাইট সম্পর্কিত বিজ্ঞপ্তি**

এই প্রকাশনার বিষয়বস্তুগুলো কপিরাইট করা। 1968 সালের কপিরাইট আইনে অনুমোদিত যে কোনো ব্যবহার ছাড়া, কমনওয়েলথ-এর যথাযথ লিখিত অনুমতি ব্যতিরেকে এর কোনো অংশ কোনো ভাবে পুনঃপ্রকাশ করা যাবে না।



এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

## দায়অস্বীকার

**এই পুস্তিকায় তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর সবগুলো শর্ত বর্ণনা বা তালিকাভুক্ত করা হয়নি। এই পুস্তিকায় যে শর্তগুলো তুলে ধরা হয়েছে বা তালিকাভুক্ত করা হয়েছে সেগুলোর তুলনায় তালিকাভুক্ত না করা বা অপ্রদর্শিত শর্তগুলো মোটেই কম গুরুত্বপূর্ণ বা কম উল্লেখযোগ্য নয়।**

এই পুস্তিকাটি আইনী পরামর্শ দেয় না এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। শুধুমাত্র একটি সাধারণ নির্দেশিকা হিসেবে এটি প্রদান করা হয়েছে এবং সব কিছু অন্তর্ভুক্ত করা অথবা সংশ্লিষ্ট আইন ও বিধিগুলোর সবগুলো শর্ত নিয়ে আলোচনা করা এর উদ্দেশ্য নয়। জায়গা ও ডিজাইনের সীমাবদ্ধতার কারণে, এই পুস্তিকায় দেখানো ছবিগুলো স্কেল অনুযায়ী তৈরি করা হয়নি এবং এর উদ্দেশ্য হলো তামাকের সরবরাহকারীদের জন্য শুধুমাত্র একটি সাধারণ নির্দেশনা প্রদান করা। সেই কারণে, এই পুস্তিকাটি যারা পড়ছেন তারা তাদের নিজস্ব বিচার-বিবেচনার উপর নির্ভর করা উচিত এবং সংশ্লিষ্ট পেশাগত পরামর্শ চাওয়া সহ তাদের নিজেদের প্রশ্নগুলো নিয়ে এগিয়ে যাওয়া উচিত।

তামাকজাত দ্রব্যের সকল প্রস্তুতকারক, মোড়কজাতকারী ও সরবরাহকারীরা *Tobacco Plain Packaging Act 2011* (তামাকের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কিত আইন 2011), *Tobacco Plain Packaging Regulations 2011* (তামাকের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কিত বিধি 2011), ও *Competition and Consumer (Tobacco) Information Standard 2011* (প্রতিযোগিতা ও ভোক্তা (তামাক) তথ্য সম্পর্কিত মানদণ্ড 2011) -এ বর্ণিত সবগুলো শর্ত বুঝতে পারছেন তা তাদের নিশ্চিত করা উচিত।

*Tobacco Plain Packaging Act 2011*, *Tobacco Plain Packaging Regulations 2011*, ও *Competition and Consumer (Tobacco) Information Standard 2011* -এ বর্ণিত শর্তগুলো প্রতিস্থাপনের জন্য এই পুস্তিকায় বর্ণিত কোনোকিছু কোনো অবস্থাতেই গ্রহণ করা যাবে না।

এই পুরো পুস্তিকাজুড়ে *Tobacco Plain Packaging Act 2011*-কে 'আইন' হিসেবে, *Tobacco Plain Packaging Regulations 2011* -কে 'বিধি' হিসেবে এবং *Competition and Consumer (Tobacco) Information Standard 2011*-কে 'মানদণ্ড' হিসেবে উল্লেখ করা হয়েছে।

তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর পূর্ণাঙ্গ শর্তগুলোর জন্য, আইন-কানুনগুলো দেখুন।

লিংকগুলো নিচে দেয়া হয়েছে:

### তামাকের সাধারণ মোড়কজাতকরণ

*Tobacco Plain Packaging Act 2011* (তামাকের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কিত আইন 2011)
http://www.comlaw.gov.au/Details/C2013C00190

*Tobacco Plain Packaging Regulations 2011* (তামাকের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কিত বিধি 2011)
http://www.comlaw.gov.au/Details/F2013C00801

### তামাকের স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ

*Competition and Consumer (Tobacco) Information Standard 2011*
(প্রতিযোগিতা ও ভোক্তা (তামাক) তথ্য সম্পর্কিত মানদণ্ড 2011)
http://www.comlaw.gov.au/Details/F2013C00598

# বিষয়বস্তু


দায়অস্বীকার ........ 3

এই পুস্তিকার উদ্দেশ্য ........ 5

আপনার বাধ্যবাধকতা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য ........ 5

আলগা তামাক পাতা ........ 6

আলগা তামাক পাতার পাউচ – পিছন দিক ........ 6

আলগা তামাক পাতার টিন (ছোট সিলিন্ডার) – সামনের দিক ........ 7

সিগারের জন্য শর্তাবলি ........ 8

সিগার ........ 8

সিগার টিউব ........ 9

সিগার ব্যাগ – সামনের দিক ........ 10

সিগার ব্যাগ – পিছনের দিক ........ 11

সিগার বাক্স – সামনের দিক ........ 12

সিগার টিন (বর্গাকার) – সামনের দিক ........ 13

সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্য ........ 14

সীসা/হুক্কার জন্য ফয়েলে তামাকজাত দ্রব্য – সামনের দিক ........ 14

সীসা/হুক্কার জন্য ফয়েলে তামাকজাত দ্রব্য – পিছনের দিক ........ 15

সীসা/হুক্কার জন্য তামাকের বাক্স – সামনের দিক ........ 16

সীসা/হুক্কার জন্য তামাকের বাক্স – পিছনের দিক ........ 17

সীসা/হুক্কার জন্য তামাকের টিন (বড় সিলিন্ডার) – সামনের দিক ........ 18

গুরুত্বপূর্ণ নোট ........ 20

সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের মোড়ক ........ 20

সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের অন্যান্য মোড়কের ধরন যেগুলো এই পুস্তিকায় দেখানো হয়নি ........ 20

সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে আঠাযুক্ত লেবেল ব্যবহার করা ........ 21

স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলোর আবর্তন ........ 22

আরো তথ্য ........ 23




এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# এই পুস্তিকার উদ্দেশ্য

সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর প্রধান প্রধান শর্তগুলো চিহ্নিত করতে আপনাকে সাহায্য করার জন্য একটি নির্দেশিকা হিসেবে এই পুস্তিকাটি ব্যবহার করা যাবে।

এই পুস্তিকাটি *তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণ – আপনার নির্দেশিকা* এর সম্পূরক হিসেবে কাজ করবে এবং এটির সাথে ও অন্যান্য তথ্য উপকরণের সাথে ব্যবহার করার জন্য তৈরি করা হয়েছে যেমন সিগার ও সীসা এবং মোলাসেস তামাকজাত দ্রব্যের জন্য *বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি।* এই সবগুলো তথ্য উপকরণই www.health.gov.au/tobaccopp ওয়েবসাইটে আছে। এই ওয়েবসাইটের বিষয়বস্তুগুলো কয়েকটি ভাষায় পাওয়া যায়।

সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের ও মোড়কের ধরনের জন্য সাধারণ মোড়কজাতকরণ এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণগুলো কেমন হতে পারে তা এই পুস্তিকার চিত্রগুলোর মাধ্যমে দেখানো হয়েছে; তবে, কিছু কিছু তামাকজাত দ্রব্যের জন্য মোড়কজাতকরণের বিকল্প ফরম্যাট থাকতে পারে।

অস্ট্রেলিয়া সরকার এই পুস্তিকাটি কেবলমাত্র একটি নির্দেশিকা হিসেবে প্রদান করেছে।

## আপনার বাধ্যবাধকতা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

1লা ডিসেম্বর 2012 থেকে, অস্ট্রেলিয়ায় বিক্রিত, বিক্রির জন্য প্রস্তাবিত, বা অন্য কোনো ভাবে সরবরাহকৃত **সকল** তামাকজাত দ্রব্য অবশ্যই সাধারণ মোড়কে সরবরাহ করতে হবে এবং সেগুলোতে হালনাগাদকৃত ও সম্প্রসারিত স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ সহ লেবেল লাগানো থাকতে হবে।

অস্ট্রেলিয়ায় বিক্রির উদ্দেশ্যে নির্ধারিত তামাকজাত দ্রব্যের উৎপাদক/আমদানিকারক/সরবরাহকারীরা আইন ও বিধির সাথে সঙ্গতিপূর্ণ খুচরা মোড়কের ব্যবস্থা করতে হবে। যে সব তামাকজাত দ্রব্য অসঙ্গতিপূর্ণ মোড়কে আমদানি করা হয়েছে সেগুলো অস্ট্রেলিয়ায় বিক্রি, বিক্রির জন্য প্রস্তাব, বা অন্য কোনো ভাবে (পাইকারি বা খুচরাভাবে) সরবরাহ করার আগে সঙ্গতিপূর্ণ খুচরা মোড়কে পুনরায় মোড়কজাতকরণ করতে হবে।

তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলো অস্ট্রেলিয়াতে তামাকজাত দ্রব্যের **যে কোনো** সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য – শুধুমাত্র খুচরা বিক্রির জন্য নয়।

সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে। সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের অসঙ্গতিপূর্ণ মোড়ককে সঙ্গতিপূর্ণ নিষ্প্রভ গাঢ় বাদামি রংয়ের আঠাযুক্ত সামগ্রী দিয়ে মুড়িয়ে দেয়া ('ওভারস্টিকারিং') অনুমোদিত নয়। যদিও তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের শর্তের সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার উপায় হিসেবে 'ওভারস্টিকারিং' এর অনুমোদন নেই, কিন্তু সীমিত কিছু ক্ষেত্রে আঠাযুক্ত লেবেল বা ব্যান্ড ব্যবহার করা যেতে পারে (সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের মোড়কজাতকরণের জন্য আঠাযুক্ত লেবেল ব্যবহার করা সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 21 দেখুন)।

যদি কোনো ব্যক্তি অস্ট্রেলিয়াতে তামাকজাত দ্রব্য ক্রয় করেন, বিক্রির প্রস্তাব দেন, বিক্রি করেন বা অন্য কোনো ভাবে সরবরাহ করেন যা আইন বা বিধির সাথে সঙ্গতিপূর্ণ নয় তাহলে তিনি উল্লেখযোগ্য ফৌজদারি বা দেওয়ানি দণ্ডের সম্মুখীন হতে পারেন। 2014 সালের সেপ্টেম্বর মাসে, ত্রুটি-ভিত্তিক অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য আইন অনুযায়ী সর্বোচ্চ দণ্ড হতে পারে ব্যক্তির জন্য 2,000 পেনাল্টি ইউনিট বা $340,000, এবং সংস্থার জন্য 10,000 পেনাল্টি ইউনিট বা $1.7 মিলিয়ন।

মানদণ্ডে বর্ণিত স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলো লঙ্ঘন করার দায়ে ব্যক্তির জন্য আলাদাভাবে অনূর্ধ্ব $220,000, এবং সংস্থার জন্য $1.1 মিলিয়ন জরিমানা করা হতে পারে।

এছাড়াও অস্ট্রেলিয়াতে বিক্রির উদ্দেশ্যে রক্ষিত দ্রব্যের মোড়কজাতকরণের ক্ষেত্রে অন্যান্য আইনী শর্তগুলো সম্পর্কে সচেতন থাকার বিষয়টি প্রস্তুতকারক/আমদানিকারক/সরবরাহকারীদেরকে নিশ্চিত করতে হবে, যেমন *National Measurement Act 1960, National Trade Measurement Regulations 2009, Commerce (Trade Descriptions) Act 1905*, এবং *Commerce (Imports) Regulations 1940.*

# আলগা তামাক পাতা

## আলগা তামাক পাতার পাউচ – পিছন দিক

**'রোলিং' বা 'নিজে-রোল-করুন' ('রোল-ইয়োর-ওউন', আরওয়াইও) তামাক, পাইপের তামাক ও সীসা/হুক্কার তামাক।**

**পাউচের ফরম্যাট ও বাইরের দিকগুলো:**
- বাইরের দিকের রং হবে প্যান্টোন (Pantone) 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

**পুনরায় বন্ধ করা যায় এমন ট্যাব:**
- অবশ্যই প্যান্টোন 448C, বা কালো, বা স্বচ্ছ, এবং রঙিন নয়
- স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ সহ আইনী শর্তগুলোকে অবশ্যই অস্পষ্ট করবে না

**সতর্কীকরণ বিবৃতি, চিত্র ও ব্যাখ্যামূলক বার্তা:**
- পিছন দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- পিছন দিকে উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- সেগুলোর মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে




**তথ্যমূলক বার্তা:**
- অবশ্যই কমপক্ষে 80 মি.মি. X 25 মি.মি. হতে হবে
- ঢাকনার নিচের জায়গার মাঝখানে, অথবা ঢাকনার নিচের জায়গার মাঝখানে সীলযুক্ত ভেতরের পাউচের উপরের প্রান্তের যতটা সম্ভব কাছাকাছি জায়গায় হতে হবে
- হলুদ পটভূমিতে কালো কালিতে, সুনির্দিষ্ট হরফে, আকৃতিতে, বড় হাতের অক্ষরে ও পুরুত্ব বজায় রেখে লিখতে হবে

**অন্যান্য লেখাগুলো:**
- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড
- লুসিডা সান্স ফন্ট ব্যবহার করতে হবে
- আকারে 10 পয়েন্টের বেশি হতে পারবে না
- সুনির্দিষ্ট রং ব্যবহার করতে হবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**
- নির্ধারিত ছোট/বড় হাতের হরফে, সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**পরিমাপের চিহ্ন:**
- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**দ্রষ্টব্য:**

পাউচের ক্ষেত্রে, ঢাকনার নিচের অংশ, অর্থাৎ, যে অংশটি তামাকের সংস্পর্শে নেই, সেটি একটি বাইরের দিক এবং এর রং **অবশ্যই** প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি) হতে হবে।

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:
- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত শর্তগুলোর বিস্তারিত বিবরণের জন্য 21 নম্বর পৃষ্ঠা দেখুন।


এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# আলগা তামাক পাতার টিন (ছোট সিলিন্ডার) – সামনের দিক

**‘রোলিং’ বা’ ‘নিজে-রোল-করুন’ (‘রোল-ইয়োর-ওউন’, আরওয়াইও) তামাক, পাইপের তামাক ও সীসা/হুক্কার তামাক।**

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**সতর্কীকরণ বিবৃতি ও চিত্র:**

- সামনের দিকের কমপক্ষে 60% জায়গাকে আবৃত করতে হবে
- আয়তাকার লেআউট হতে হবে (যেভাবে দেখানো হয়েছে)
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণভাবে ঘুরানো হতে হবে – 22 নম্বর পৃষ্ঠা দেখুন




**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মত একই দিকে মুখ করে, এবং তার উপরে নয়
- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**টিনের ফরম্যাট ও বাইরের দিকগুলো:**

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

**অন্যান্য লেখাগুলো:**

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড
- লেখাগুলো অবশ্যই সংখ্যা, রং, ফন্ট, আকার ও অবস্থানের নির্দেশনা অনুযায়ী হতে হবে

**দ্রষ্টব্য:**

আলগা তামাক এবং/অথবা সীসা/হুক্কার তামাকের ক্ষেত্রে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের আকার ও লেআউটের শর্তাবলি, বর্গাকার বা আয়তাকার কন্টেইনারের তুলনায় কমপক্ষে 41 মি.মি. উচ্চতাবিশিষ্ট বড় সিলিন্ডার আকৃতির মোড়কের ক্ষেত্রে ভিন্ন হবে। বড় সিলিন্ডারের একটি উদাহরণের জন্য 18 নম্বর পৃষ্ঠা দেখুন।

এই ধরনের কন্টেইনারগুলোর জন্য স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের বিস্তারিত বিবরণ মানদণ্ডে বর্ণনা করা হয়েছে।

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত শর্তগুলোর বিস্তারিত বিবরণের জন্য 21 নম্বর পৃষ্ঠা দেখুন।

# সিগারের জন্য শর্তাবলি

## সিগার

**দ্রষ্টব্য:**

অসঙ্গতিপূর্ণ (ব্র্যান্ডের) সিগারের ব্যান্ড(গুলো) **অবশ্যই অপসারণ করতে হবে অথবা** একটি **একক** সঙ্গতিপূর্ণ আঠাযুক্ত ব্যান্ড দিয়ে ঢেকে দিতে হবে।

যদি সাধারণ মোড়কে থাকা একটি ব্যান্ড কোনো অসঙ্গতিপূর্ণ ব্যান্ড বা ব্যান্ডগুলোকে ঢেকে দেয়, তাহলে এটি **অবশ্যই:**

- অসঙ্গতিপূর্ণ ব্যন্ড(গুলো)কে **সম্পূর্ণভাবে** ঢেকে দিতে হবে, এবং
- এটি যে ব্যান্ডকে ঢেকে দিচ্ছে তার সাথে শক্তভাবে লেগে থাকতে হবে, এবং সহজে অপসারণযোগ্য হবে না।

**দ্রষ্টব্য:**

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।

**অনুমোদিত লেখাগুলো:**

- ব্র্যান্ড ও রূপভেদের নাম, উৎপাদনকারী দেশ, সাংখ্যিক কোড, ও লুকানো লেখা
- অবশ্যই সংখ্যা, রং, ফন্ট, আকার ও অবস্থানের নির্দেশনা অনুযায়ী হতে হবে

**সিগার ব্যান্ড:**

- একটি সিগারের উপর একটি **একক ব্যান্ড** থাকতে পারে
- রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)




**মোড়ক:**

- অবশ্যই স্বচ্ছ হতে হবে
- রঙিন, লেখাযুক্ত, বুনন সম্বলিত বা কোনোভাবে অলঙ্করণ করা যাবে না
- আইনে অনুমোদিত ছাড়া অন্য কোনো ট্রেডমার্ক বা অন্য কোনো লেখা থাকতে পারবে না

**ছেঁড়ার স্ট্রিপ:**

- অবশ্যই সম্পূর্ণভাবে কালো, বা সম্পূর্ণভাবে স্বচ্ছ হতে হবে, এবং রঙিন হতে পারবে না
- পরিধি বরাবর একই প্রস্থবিশিষ্ট একটি একক একটানা সরল রেখা তৈরি করবে, যা 3 মি.মি. এর বেশি চওড়া হবে না
- স্বচ্ছ ছেঁড়ার স্ট্রিপের সাথে একটি একক কালো রেখা থাকতে পারবে যা 15 মি.মি.-এর চেয়ে বড় হবে না, যা ছেঁড়ার স্ট্রিপ শুরু হওয়ার জায়গা নির্দেশ করবে

**দ্রষ্টব্য:**

একটি একটি করে বিক্রি করার সিগারগুলো বিক্রি করার, বিক্রির প্রস্তাব দেয়ার বা অন্য কোনোভাবে সরবরাহ করার আগে **অবশ্যই সঙ্গতিপূর্ণ খুচরা মোড়কে মোড়কজাত করতে হবে।**

- একটি সিগারকে মোড়ক ছাড়া ('খালি') অবস্থায় বা সাধারণ মোড়কে (**সঙ্গতিপূর্ণ** ব্যান্ড সহ) *দেখা* যেতে পারে।
- তবে, *বিক্রি করার আগে* সিগারকে **অবশ্যই সঙ্গতিপূর্ণ** মোড়কের ভেতরে ভরতে হবে, যেখানে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণগুলো প্রদর্শিত হবে।
  - সিগারকে **অবশ্যই** এক স্তর খুচরা মোড়ক দিয়ে আবৃত করতে হবে যা অবশ্যই প্লাস্টিক বা অন্য কোনো মোড়ক হবে না।
  - সিগারকে একটি সঙ্গতিপূর্ণ সিগার ব্যাগ, সিগার টিউব বা অন্য কোনো মোড়কের ভেতরে ভরা যাবে যা আইন, বিধি ও মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

ব্র্যান্ডের সিগার এবং/অথবা ব্র্যান্ডের সিগার টিউবকে সঙ্গতিপূর্ণ সাধারণ মোড়কের সিগার ব্যাগে বা অন্যান্য সঙ্গতিপূর্ণ মোড়কের ভেতরে ভরে সরবরাহ করা অনুমোদিত **নয়**।


এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# সিগার টিউব

**দ্রষ্টব্য:**

স্বচ্ছ/ক্লিয়ার প্লাস্টিকের টিউব ও অনাবৃত ধাতব টিউবের ব্যবহার অনুমোদিত **নয়**।

**স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ:**

- সিগারের জন্য সুনির্দিষ্ট পাঁচটি সতর্কীকরণ বিবৃতির মধ্যে একটি হতে হবে
- সম্পূর্ণ দৈর্ঘ্যের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- পরিধির কমপক্ষে 60% জুড়ে বিস্তৃত হতে হবে
- টিউবটি খোলার সময় ভাঙা যাবে




**সিগার টিউবের খোলা প্রান্ত:**


- অবশ্যই কমপক্ষে 15 মি.মি. ব্যাসবিশিষ্ট হতে হবে

**টিউবের বাইরের দিকগুলো:**

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ

**টিউবের ফরম্যাট:**

- সিলিন্ডার আকৃতির বা অনমনীয় হতে হবে
- এক বা উভয় প্রান্ত সরু বা গোলাকৃতি হতে পারে
- কোনো অলঙ্করণ থাকবে না




**অন্যান্য লেখাগুলো:**

- ব্র্যান্ড ও রূপভেদের নাম, প্রস্তুতকারকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড, বারকোড
- অবশ্যই সংখ্যা, রং, ফন্ট, আকার ও অবস্থানের নির্দেশনা অনুযায়ী হতে হবে

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।


**দ্রষ্টব্য: স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তার আবর্তন**

যদি কোনো খুচরা বিক্রেতা/ব্যক্তি সঙ্গতিপূর্ণ মোড়কে পুনরায় মোড়কজাতকরণ সহ খুচরা মোড়কের ভেতরে সিগার রাখেন, তখন সেই খুচরা বিক্রেতা/ব্যক্তির দায়িত্ব হলো সেই সিগারকে এমন মোড়কের ভেতরে রাখা নিশ্চিত করা যেখানে সিগার সম্পর্কে যথাযথ স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তা আছে এবং তাকে আবর্তনের শর্তগুলো পূরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

এই শর্তগুলো সম্পর্কে আরো তথ্য 22 নম্বর পৃষ্ঠায় আছে।

## সিগার ব্যাগ – সামনের দিক

**গ্রাহকদের কাছে সিগার সরবরাহের ক্ষেত্রে ব্যবহারের জন্য, যেমন পুনরায় বন্ধ করা যায় এমন/চাপ দিয়ে সিল করা ব্যাগ।**




**ন্যূনতম আকারের শর্তাবলি**

- মোড়কের সর্বোচ্চ আকার অবশ্যই হতে হবে কমপক্ষে 85 মি.মি.
- দ্বিতীয় সর্বোচ্চ আকার অবশ্যই হতে হবে কমপক্ষে 55 মি.মি.

**সতর্কীকরণ বিবৃতি ও চিত্র:**

- সিগারের জন্য স্বাস্থ্য সম্পর্কিত সুনির্দিষ্ট পাঁচটি সচিত্র সতর্কীকরণ বিবৃতির মধ্যে একটি হতে হবে
- সামনের দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- সামনের দিকের উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে

**'কুইটলাইন'-এর লোগো:**

- সচিত্র বর্ণনার অংশ হিসেবে সিগার ব্যাগের সামনের দিকে থাকতে হবে
- নিচের সচিত্র বর্ণনা যাতে দেখা যায় সেজন্য অবশ্যই আংশিকভাবে স্বচ্ছ হতে হবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- বাইরের দিকের সামনের ও পিছনের অংশের প্রতিটিতে মাত্র একবার থাকতে পারবে

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে

**ব্যাগের ফরম্যাট ও বাইরের দিকগুলো:**

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।



এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# সিগার ব্যাগ – পিছনের দিক




**সতর্কীকরণ বিবৃতি ও ব্যাখ্যামূলক বার্তা:**

- সিগারের জন্য স্বাস্থ্য সম্পর্কিত সুনির্দিষ্ট পাঁচটি সচিত্র সতর্কীকরণ বিবৃতির মধ্যে একটি হতে হবে
- পিছন দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- পিছন দিকে উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে
- অবশ্যই ব্যাগের সামনের দিকে প্রদর্শিত স্বাস্থ্য সম্পর্কিত একই সতর্কীকরণ থেকে হতে হবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- নির্ধারিত ছোট/বড় হাতের হরফে, সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- বাইরের দিকের সামনের ও পিছনের অংশের প্রতিটিতে মাত্র একবার থাকতে পারবে

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে

**বার কোড:**

- আয়তাকার
- কালো ও সাদা, বা প্যান্টোন 448C ও সাদা
- শুধুমাত্র একবার থাকতে পারবে

**অন্যান্য লেখাগুলো:**

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড
- লুসিডা সান্স ফন্টে
- আকারে 10 পয়েন্টের বেশি হতে পারবে না
- সুনির্দিষ্ট রং ব্যবহার করতে হবে
- শুধুমাত্র একবার থাকতে পারবে

**দ্রষ্টব্য: স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ বার্তাগুলোর আবর্তন**

যদি কোনো খুচরা বিক্রেতা/ব্যক্তি সঙ্গতিপূর্ণ মোড়কে পুনরায় মোড়কজাতকরণ সহ খুচরা মোড়কের ভেতরে সিগার রাখেন, তখন সেই খুচরা বিক্রেতা/ব্যক্তির দায়িত্ব হলো সেই সিগারকে এমন মোড়কের ভেতরে রাখা নিশ্চিত করা যেখানে সিগার সম্পর্কে যথাযথ স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ আছে এবং আবর্তনের শর্তগুলো পূরণ নিশ্চিত করা।

এই শর্তগুলো সম্পর্কে আরো তথ্য 22 নম্বর পৃষ্ঠায় আছে।

# সিগারের বাক্স – সামনের দিক

**অন্যান্য লেখাগুলো:**

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড, বারকোড
- অবশ্যই সংখ্যা, রং, ফন্ট, আকার ও অবস্থানের নির্দেশনা অনুযায়ী হতে হবে

**বাক্সের ফরম্যাট ও বাইরের দিকগুলো (কব্জা ও হুড়কা সহ):**

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মত একই দিকে মুখ করে
- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে




**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**সচিত্র ও সতর্কীকরণ বিবৃতি:**

- সিগারের জন্য স্বাস্থ্য সম্পর্কিত সুনির্দিষ্ট পাঁচটি সচিত্র সতর্কীকরণ বিবৃতির মধ্যে একটি হতে হবে
- সামনের দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
  - সামনের দিকে 250 বর্গসেন্টিমিটার বা তারচেয়ে বেশি জায়গা আছে এধরনের বড় সিগার মোড়কের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না, সেক্ষেত্রে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ অবশ্যই কমপক্ষে 188 বর্গসেন্টিমিটার হতে হবে

সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য সিগারের বাক্স, টিন বা ব্যাগগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে।

বাক্স বা টিনগুলোকে ‘নিষ্প্রভ গাঢ় বাদামি’ কাগজে মোড়ানো বা ঢাকা অথবা সেগুলোতে আঠাযুক্ত লেবেল (‘ওভার স্টিকারিং’) ব্যবহার করার অনুমতি **নেই**।

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।

**দ্রষ্টব্য: স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ বার্তাগুলোর আবর্তন**

যদি কোনো খুচরা বিক্রেতা/ব্যক্তি সঙ্গতিপূর্ণ মোড়কে পুনরায় মোড়কজাতকরণ সহ খুচরা মোড়কের ভেতরে সিগার রাখেন, তখন সেই খুচরা বিক্রেতা/ব্যক্তির দায়িত্ব হলো সেই সিগারকে এমন মোড়কের ভেতরে রাখা নিশ্চিত করা যেখানে সিগার সম্পর্কে যথাযথ স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ আছে এবং আবর্তনের শর্তগুলো পূরণ নিশ্চিত করা।

এই শর্তগুলো সম্পর্কে আরো তথ্য 22 নম্বর পৃষ্ঠায় আছে।



এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# সিগার টিন (বর্গাকার) – সামনের দিক

**টিনের ফরম্যাট ও বাইরের দিকগুলো (কব্জা ও হুড়কা সহ):**

- বাইরের দিকগুলোর রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য সিগারের বাক্স, টিন বা ব্যাগগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে।

বাক্স বা টিনগুলোকে 'নিষ্প্রভ গাঢ় বাদামি' কাগজে মোড়ানো বা ঢাকা অথবা সেগুলোতে আঠাযুক্ত লেবেল ('ওভার স্টিকারিং') ব্যবহার করার অনুমতি **নেই**।




**সচিত্র ও সতর্কীকরণ বিবৃতি:**

- সিগারের জন্য স্বাস্থ্য সম্পর্কিত সুনির্দিষ্ট পাঁচটি সচিত্র সতর্কীকরণ বিবৃতির মধ্যে একটি হতে হবে
- সামনের দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মত একই দিকে মুখ করে
- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**অন্যান্য লেখাগুলো: (এই ছবিতে দেখানো হয়নি)**

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড, বারকোড
- অবশ্যই সংখ্যা, রং, ফন্ট, আকার ও অবস্থানের নির্দেশনা অনুযায়ী হতে হবে

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।

**দ্রষ্টব্য: স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ বার্তাগুলোর আবর্তন**

যদি কোনো খুচরা বিক্রেতা/ব্যক্তি খুচরা মোড়কের ভেতরে সিগার রাখেন, সঙ্গতিপূর্ণ মোড়কে পুনরায় মোড়কজাতকরণ সহ, তখন সেই খুচরা বিক্রেতা/ব্যক্তির দায়িত্ব হলো সেই সিগারকে এমন মোড়কের ভেতরে রাখা নিশ্চিত করা যেখানে সিগার সম্পর্কে যথাযথ স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ আছে এবং আবর্তনের শর্তগুলো পূরণ নিশ্চিত করা।

এই শর্তগুলো সম্পর্কে আরো তথ্য 22 নম্বর পৃষ্ঠায় আছে।

এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্য

**সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের মধ্যে রয়েছে মোলাসেস-, ফল-, ভেষজ-ভিত্তিক তামাকজাত দ্রব্য। যদিও এই ধরনের পণ্যগুলোকে সাধারণভাবে সীসা হিসেবে উল্লেখ করা হয় কিন্তু সেগুলোকে অন্যান্য নামেও বর্ণনা করা হতে পারে যার মধ্যে রয়েছে হুক্কা, নার্ঘিল, মশাল, মুয়াসেল, তুম্বাক, তুন্বাক ও আজামী।**

# সীসা/হুক্কার জন্য ফয়েলে তামাকজাত দ্রব্য – সামনের দিক

সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের সম্ভাব্য উপায়গুলো নিচের ছবিগুলোতে দেখানো হয়েছে। তবে, সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের অন্য ধরনের মোড়ক থাকতে পারে, যেমন ব্যাগ, বড় বাক্স এবং বর্গাকার বা ডিম্বাকার টিন বা টাব।

**দ্রষ্টব্য:**

বিক্রির জন্য প্রস্তাবিত, বিক্রিত বা অন্য কোনোভাবে সরবরাহকৃত কোনো দ্রব্যে কোনো **ধরনের** তামাকজাত দ্রব্য থাকলে সেগুলো **অবশ্যই** সাধারণভাবে মোড়কজাতকরণ করতে হবে এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবার্তা প্রদর্শন করতে হবে।

**সচিত্র ও সতর্কীকরণ বিবৃতি:**

- সামনের দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে
- চিত্রগুলো অবশ্যই বিকৃত করা যাবে না
- মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণভাবে ঘুরানো হতে হবে – 22 নম্বর পৃষ্ঠা দেখুন

**ন্যূনতম আকারের শর্তাবলি:**

- মোড়কের সর্বোচ্চ আকার অবশ্যই হতে হবে কমপক্ষে 85 মি.মি.
- দ্বিতীয় সর্বোচ্চ আকার অবশ্যই হতে হবে কমপক্ষে 55 মি.মি.

**ফয়েলের বাইরের দিকগুলো:**

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- অনুজ্জ্বল ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না




**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- বাইরের দিকের সামনের ও পিছনের অংশের প্রতিটিতে মাত্র একবার থাকতে পারবে, স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মত একই দিকে মুখ করে, এবং তার উপরে নয়

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে

**দ্রষ্টব্য:**

ফয়েলের সঙ্গতিপূর্ণ মোড়ক আরেকটি সঙ্গতিপূর্ণ কন্টেইনারের ভেতরে রাখা যাবে, যেমন বাক্স, ব্যাগ বা টিন।

- সিগারের ব্যাগগুলো ব্যবহার করা যাবে না কারণ এই ব্যাগগুলোর জন্য আবশ্যক সতর্কীকরণ বার্তা শুধুমাত্র সিগারের জন্য নির্ধারিত।
- ফয়েলের মোড়ক এবং খুচরা বিক্রয়ের জন্য ফয়েলের মোড়ক যে কন্টেইনারের ভেতরে রাখা হয়েছে উভয়টিতে **অবশ্যই** স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ থাকতে হবে।
- মোড়কের প্রতিটি স্তর **অবশ্যই** শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।


এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# সীসা/হুক্কার জন্য ফয়েলে তামাকজাত দ্রব্য – পিছনের দিক


**দ্রষ্টব্য:**

খুচরা মোড়কের **সবগুলো স্তর অবশ্যই** সাধারণভাবে মোড়কজাতকরণ করতে হবে এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবার্তা প্রদর্শন করতে হবে।

- সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য খুচরা বিক্রয়ের মোড়কগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে।
- যদি তামাকজাত দ্রব্যটি ইতিমধ্যেই সঙ্গতিপূর্ণ মোড়কে না থাকে, তাহলে এটিকে **অবশ্যই** অসঙ্গতিপূর্ণ মোড়ক থেকে বের করে ফেলতে হবে এবং পুনরায় সঙ্গতিপূর্ণ মোড়কে মোড়কজাতকরণ করতে হবে।

**সতর্কীকরণ বিবৃতি ও ব্যাখ্যামূলক বার্তা:**

- পিছন দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে
- ফয়েলের সামনের দিকে প্রদর্শিত স্বাস্থ্য সম্পর্কিত একই সতর্কীকরণ থেকে হতে হবে




**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে

**বার কোড:**

- আয়তাকার
- কালো ও সাদা, বা প্যান্টোন 448C ও সাদা
- শুধুমাত্র একবার থাকতে পারবে

**অন্যান্য লেখাগুলো:**

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড
- লুসিডা সান্স ফন্টে
- আকারে 10 পয়েন্টের বেশি হতে পারবে না
- সুনির্দিষ্ট রং ব্যবহার করতে হবে
- শুধুমাত্র একবার থাকতে পারবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।

# সীসা/হুক্কার জন্য তামাকের বাক্স – সামনের দিক

*সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের সম্ভাব্য উপায়গুলো নিচের ছবিগুলোতে দেখানো হয়েছে। তবে, সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের অন্য ধরনের মোড়ক থাকতে পারে, যেমন ব্যাগ, বড় বাক্স এবং বর্গাকার বা ডিম্বাকার টিন বা টাব।*

**তথ্যমূলক বার্তা:**

- যেখানে আবশ্যক সেখানে উল্লেখিত দিকের কমপক্ষে 50% জায়গাকে অবশ্যই আবৃত করতে হবে
- হলুদ পটভূমিতে কালো কালিতে লেখা হতে হবে
- লেখা অবশ্যই স্পষ্ট ও সুনির্দিষ্ট আকারের, ছোট/বড় হাতের অক্ষরে ও পুরুত্ব অনুযায়ী হতে হবে
- অবশ্যই বাক্সের সামনের দিকে প্রদর্শিত স্বাস্থ্য সম্পর্কিত একই সতর্কীকরণ থেকে হতে হবে

**সচিত্র ও সতর্কীকরণ বিবৃতি:**

- সামনের দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে
- মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণভাবে ঘুরানো হতে হবে – 22 নম্বর পৃষ্ঠায় দেখুন




**বাক্সের ফরম্যাট ও বাইরের দিকগুলো:**

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা মোড়কের সামগ্রী সাধারণ অবস্থায় যে রংয়ে থাকে সেই রং
- ম্যাট ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- বাইরের দিকের সামনের ও পিছনের অংশের প্রতিটিতে মাত্র একবার থাকতে পারবে, স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মত একই দিকে মুখ করে, এবং তার উপরে নয়

**দ্রষ্টব্য:**

খুচরা মোড়কের **সবগুলো স্তর** অবশ্যই সাধারণভাবে মোড়কজাতকরণ করতে হবে এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবার্তা **প্রদর্শন** করতে হবে।

- সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য খুচরা বিক্রয়ের মোড়কগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে।
- যদি তামাকজাত দ্রব্যটি ইতিমধ্যেই সঙ্গতিপূর্ণ মোড়কে না থাকে, তাহলে এটিকে **অবশ্যই** অসঙ্গতিপূর্ণ মোড়ক থেকে বের করে ফেলতে হবে এবং পুনরায় সঙ্গতিপূর্ণ মোড়কে মোড়কজাতকরণ করতে হবে।



এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।


# সীসা/হুক্কার জন্য তামাকের বাক্স – পিছনের দিক

**ন্যূনতম আকারের শর্তাবলি:**

- মোড়কের সর্বোচ্চ আকার অবশ্যই হতে হবে কমপক্ষে 85 মি.মি.
- দ্বিতীয় সর্বোচ্চ আকার অবশ্যই হতে হবে কমপক্ষে 55 মি.মি.

**সতর্কীকরণ বিবৃতি ও ব্যাখ্যামূলক বার্তা:**

- পিছন দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে
- উপরের ও পাশের প্রান্তগুলো পর্যন্ত বিস্তৃত হতে হবে
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে
- বাক্সের সামনের দিকে প্রদর্শিত স্বাস্থ্য সম্পর্কিত একই সতর্কীকরণ থেকে হতে হবে




**পরিমাপের চিহ্ন:**

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে

**বার কোড:**

- আয়তাকার
- কালো ও সাদা, বা প্যান্টোন 448C ও সাদা
- শুধুমাত্র একবার থাকতে পারবে

**অন্যান্য লেখাগুলো:**

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড
- লুসিডা সান্স ফন্টে
- আকারে 10 পয়েন্টের বেশি হতে পারবে না
- সুনির্দিষ্ট রং ব্যবহার করতে হবে
- শুধুমাত্র একবার থাকতে পারবে

**ব্র্যান্ড ও রূপভেদের নাম:**

- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।
হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।

# সীসা/হুক্কার জন্য তামাকের টিন (বড় সিলিন্ডার) – সামনের দিক

***সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের একটি সম্ভাব্য উপায় নিচের ছবিতে দেখানো হয়েছে। তবে, সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের অন্য ধরনের মোড়ক থাকতে পারে, যেমন ব্যাগ, বড় বাক্স, টাব এবং বর্গাকার বা ডিম্বাকার টিন।***

### টিনের বাইরের দিকগুলো:

- বাইরের দিকের রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি)
- ভেতরের দিকের রং হবে সাদা, বা সাধারণ অবস্থায় মোড়কের যে রং থাকে সেই রং
- ম্যাট ফিনিশ
- কোনো অলঙ্করণ থাকবে না

### টিনের ফরম্যাট:

- বড় সিলিন্ডারের উচ্চতা কমপক্ষে 41 মি.মি. হতে হবে
- ছোট সিলিন্ডারের (উচ্চতা 41 মি.মি. এর কম) একটি উদাহরণের জন্য এবং বিভিন্ন আকারের সিলিন্ডারের জন্য স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মানদণ্ড জানার জন্য পৃষ্ঠা 7 দেখুন

### সতর্কীকরণ বিবৃতি ও চিত্র:

- সামনের দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে (যার সংজ্ঞা হলো সেই বাঁকানো তল যা উপরিতলের সর্ববৃহৎ ব্র্যান্ড নামের উলম্ব কেন্দ্ররেখার প্রতি দিকে সিলিন্ডারের পরিধির 1/6 অংশ জুড়ে থাকে)
- মাঝখানে কোনো ফাঁক ছাড়া যুক্ত থাকতে হবে
- হেলভেটিকা ফন্টে হতে হবে
- মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণভাবে ঘুরানো হতে হবে – 22 নম্বর পৃষ্ঠায় দেখুন




### অন্যান্য লেখাগুলো:

- উৎপাদকের নাম ও ঠিকানা, দেশ, যোগাযোগের ফোন নম্বর, সাংখ্যিক কোড
- লুসিডা সান্স ফন্টে
- আকারে 10 পয়েন্টের বেশি হতে পারবে না
- সুনির্দিষ্ট রং ব্যবহার করতে হবে
- শুধুমাত্র একবার থাকতে পারবে

### তথ্যমূলক বার্তা:
### (এই ছবিতে দেখানো হয়নি)

- সিলিন্ডারের নিম্নাংশের কমপক্ষে 50% জায়গাকে আবৃতকারী একটি বার্তা অবশ্যই থাকতে হবে

### বার কোড:

- আয়তাকার
- কালো ও সাদা, বা প্যান্টোন 448C ও সাদা
- শুধুমাত্র একবার থাকতে পারবে

### ব্র্যান্ড ও রূপভেদের নাম:

- সর্বোচ্চ আকারের চেয়ে বড় নয়, নির্ধারিত ছোট/বড় হাতের হরফে
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- বাইরের দিকের সামনের ও পিছনের অংশের প্রতিটিতে মাত্র একবার থাকতে পারবে, স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের মত একই দিকে মুখ করে, এবং তার উপরে নয়

### পরিমাপের চিহ্ন:

- নির্দিষ্ট আকারের চেয়ে বড় হরফে নয়
- লুসিডা সান্স ফন্টে
- প্যান্টোন কুল গ্রে 2C রংয়ে
- অনূর্ধ্ব 2টি দিকে থাকতে পারবে



এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

**দ্রষ্টব্য:**

নিচে উল্লিখিতগুলো দেখানোর জন্য মোড়কের উপর আঠাযুক্ত লেবেল ব্যবহার করা যেতে পারে:

- ব্র্যান্ড ও রূপভেদের নাম
- স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ

আঠাযুক্ত লেবেল সম্পর্কিত আরো তথ্য 21 নম্বর পৃষ্ঠায় আছে।

হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি **নেই**।


**দ্রষ্টব্য:**

খুচরা মোড়কের **সবগুলো স্তর অবশ্যই** সাধারণভাবে মোড়কজাতকরণ করতে হবে এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবার্তা প্রদর্শন করতে হবে।

- সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য খুচরা বিক্রয়ের মোড়কগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে।
- যদি তামাকজাত দ্রব্যটি ইতিমধ্যেই সঙ্গতিপূর্ণ মোড়কে না থাকে, তাহলে এটিকে **অবশ্যই** অসঙ্গতিপূর্ণ মোড়ক থেকে বের করে ফেলতে হবে এবং পুনরায় সঙ্গতিপূর্ণ মোড়কে মোড়কজাতকরণ করতে হবে।

**বড় সিলিন্ডারের পিছন দিকে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ:**

- অবশ্যই সিলিন্ডারের/টিনের সামনের দিকে **প্রদর্শিত** স্বাস্থ্য সম্পর্কিত একই সতর্কীকরণ বার্তা থেকে হতে হবে
- পিছন দিকের কমপক্ষে 75% জায়গাকে আবৃত করতে হবে (সেই বাঁকানো তল যা সামনের দিকের সরাসরি বিপরীতে কেন্দ্রের উলম্ব রেখার প্রতি দিকে সিলিন্ডারের পরিধির 1/6 অংশ জুড়ে থাকে)
- এই নকশা ব্যবহার করে একটি সতর্কীকরণ বিবৃতি, চিত্র ও ব্যাখ্যামূলক বার্তা অন্তর্ভুক্ত করতে হবে:




এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# গুরুত্বপূর্ণ নোট

## সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের মোড়ক

বিক্রির জন্য প্রস্তাবিত, বিক্রিত বা অন্য কোনোভাবে সরবরাহকৃত সীসা/হুক্কার জন্য **কোনো** দ্রব্যে কোনো ধরনের তামাক থাকলে সেগুলো **অবশ্যই সাধারণভাবে মোড়কজাতকরণ করতে হবে** এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তা প্রদর্শন করতে হবে। ফল বা ভেষজ-ভিত্তিক সামগ্রী যেগুলোতে তামাকজাত দ্রব্য নেই, সেগুলো সাধারণভাবে মোড়কজাতকরণের করার প্রয়োজন নেই।

সীসা/হুক্কার জন্য কোনো দ্রব্যে **কোনো** ধরনের তামাক থাকলে এবং সেগুলো অসঙ্গতিপূর্ণ মোড়কে আমদানি করা হলে, সেগুলো অস্ট্রেলিয়ায় বিক্রি, বিক্রির জন্য প্রস্তাব, বা অন্য কোনো ভাবে সরবরাহ করার (পাইকারি বা খুচরাভাবে) **আগে অবশ্যই** সঙ্গতিপূর্ণ খুচরা মোড়কে **পুনরায় মোড়কজাতকরণ** করতে হবে। সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য খুচরা বিক্রয়ের মোড়কগুলো **সুনির্দিষ্টভাবে তৈরি** করতে হবে। যদি তামাকজাত দ্রব্যটি ইতিমধ্যেই সঙ্গতিপূর্ণ মোড়কে না থাকে, তাহলে এটিকে প্রথমে অবশ্যই অসঙ্গতিপূর্ণ মোড়ক থেকে বের করে ফেলতে হবে এবং পুনরায় সঙ্গতিপূর্ণ মোড়কে মোড়কজাতকরণ করতে হবে।

তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কের **সবগুলো স্তর অবশ্যই** সাধারণভাবে মোড়কজাতকরণ করতে হবে এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবার্তা প্রদর্শন করতে হবে।

ফয়েলের সঙ্গতিপূর্ণ মোড়ক আরেকটি সঙ্গতিপূর্ণ কন্টেইনারের ভেতরে রাখা যাবে, যেমন বাক্স, ব্যাগ, টিন বা টাব। ফয়েলের মোড়ক এবং খুচরা বিক্রয়ের জন্য ফয়েলের মোড়ক যে কন্টেইনারের ভেতরে রাখা হয়েছে উভয়টিতে **অবশ্যই** স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তা (মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণভাবে) থাকতে হবে। সিগারের ব্যাগগুলো ব্যবহার **করা যাবে না** কারণ এই ব্যাগগুলোর জন্য আবশ্যক সতর্কীকরণ বার্তাগুলো শুধুমাত্র সিগারের জন্য নির্ধারিত।

সীসা/হুক্কার তামাকজাত দ্রব্যগুলো আগে থেকেই ধূমপানের কোনো সরঞ্জামে ভরে ভোক্তার কাছে সরবরাহ **করা যাবে না**। মানদণ্ড অনুযায়ী, খুচরা বিক্রয়ের মাধ্যমে সরবরাহ করা সবগুলো তামাকজাত দ্রব্য **ক্রেতার কাছে সরবরাহ করার সময় অবশ্যই খুচরা মোড়কে করে সরবরাহ করতে হবে**, যাতে ক্রেতারা সেগুলো হাতে পাওয়ার সময় স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো দেখা যায়।

## সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের অন্যান্য মোড়কের ধরন যেগুলো এই পুস্তিকায় দেখানো হয়নি

সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের সম্ভাব্য উপায়গুলো এই পুস্তিকার ছবিগুলোতে দেখানো হয়েছে।

তবে, সীসা/হুক্কার জন্য তামাকজাত দ্রব্যের অন্য ধরনের মোড়ক থাকতে পারে, যেমন ব্যাগ, বড় বাক্স, টাব এবং বিভিন্ন আকৃতি ও আকারের টিন।

এই ধরনের মোড়কগুলো অনুমোদিত হবে যদি সেগুলো আইন, বিধি ও মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ হয়।

মোড়কের আকার ও ধরনের উপর ভিত্তি করে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্ত ও লেআউটগুলো ভিন্ন হতে পারে। স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলোর সঙ্গতিপূর্ণতা নিশ্চিত করার জন্য আপনার মানদণ্ডগুলো পড়া উচিত।


এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

## সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে আঠাযুক্ত লেবেল ব্যবহার করা

বিধিতে সুনির্দিষ্টভাবে অনুমোদন না থাকলে, ভেতরে ঢুকানো এবং বাইরের দিকে লাগানো (ইনসার্ট ও অনসার্ট) সব কিছু আইন অনুযায়ী নিষিদ্ধ। সীমিত কিছু পরিস্থিতিতে **সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে** আঠাযুক্ত লেবেল ব্যবহার করার জন্য বিধিতে অনুমোদন রয়েছে:

1. সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে ব্র্যান্ড, ব্যবসা, কোম্পানি ও রূপভেদের নাম (নামগুলো) (বিধি 2.4.2, 2.4.3 ও 2.4.4); এবং

2. স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণ বার্তাগুলোর জন্য শর্তাবলি (বিধি 2.6.1 এবং মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণভাবে)।

এই সব পরিস্থিতিগুলোতে আঠাযুক্ত লেবেল ব্যবহারের মাধ্যমে অস্ট্রেলিয়াতে বিক্রিত সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের উৎপাদক/সরবরাহকারীরা এমন মোড়ক ব্যবহার করতে পারে যা ব্র্যান্ড/রূপভেদের জন্য সুনির্দিষ্ট নয় এবং পরবর্তীতে আঠাযুক্ত লেবেলের মাধ্যমে ব্র্যান্ড ও রূপভেদের বিবরণ ও সচিত্র স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলো যুক্ত করতে পারে।

আঠাযুক্ত লেবেলগুলো মোড়কের গায়ে **অবশ্যই** শক্তভাবে লাগাতে হবে এবং সেগুলো সহজে অপসারণযোগ্য হবে না। একটি আঠাযুক্ত লেবেলকে সহজে অপসারণযোগ্য হিসেবে বিবেচনা করা হয় যদি তা খুচরা মোড়কের প্রত্যাশিত আয়ুষ্কালের সময় মোড়কের সাথে লেগে না থাকার সম্ভাবনা থাকে; অথবা যদি লেবেল বা খুচরা মোড়ককে ক্ষতিগ্রস্ত না করে এটিকে সহজেই অপসারণ করা যায়।

### 1. ব্র্যান্ড, ব্যবসা, কোম্পানি ও রূপভেদের নাম

সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে নামগুলো দেখানোর জন্য আঠাযুক্ত লেবেল ব্যবহারের শর্তগুলো বিধিতে উল্লেখ করা হয়েছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- লেবেল সম্পর্কিত শর্তগুলো (বিধি 2.4.2):
    - রং হবে প্যান্টোন 448C (নিষ্প্রভ গাঢ় বাদামি),
    - যুক্তিসঙ্গতভাবে যতটুকু প্রয়োজন তারচেয়ে বড় নয়, এবং
    - নামগুলোর জন্য হরফ ও আকারের শর্তগুলো (মনে রাখবেন হাতে লেখা লেবেল ব্যবহারের অনুমতি নেই);
- সিগার টিউবগুলোর উপরে নামগুলোর জন্য অনুমোদিত জায়গা ও অবস্থান (বিধি 2.4.3); এবং
- সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কের উপরে নামগুলোর জন্য অনুমোদিত জায়গা ও অবস্থান (বিধি 2.4.4)।

আঠাযুক্ত লেবেলগুলো সংশ্লিষ্ট কোনো আইনী শর্তকে অবশ্যই অস্পষ্ট করবে না।

**দ্রষ্টব্য:**
বিধি 2.3.5-এ মোড়কগুলোর উপর বার কোড মুদ্রণের অনুমতি দেয়া হয় যা প্রাথমিক মোড়কের একটির বেশি আইটেমকে আবৃত করে, এটি একটি আঠাযুক্ত লেবেলের উপর মুদ্রণ করতে হবে যা শক্তভাবে মোড়কের গায়ে লেগে থাকবে যাতে তা সহজে অপসারণ করা না যায় (এটি সিগারেট ও সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্য উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য)।

এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

## 2. স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণের শর্তাবলি

*Competition and Consumer (Tobacco) Information Standard 2011* (মানদণ্ড) অনুযায়ী সব ধরনের তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তা প্রদর্শন করা আবশ্যক। এই মানদণ্ড সিগারেট ছাড়া অন্য তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কে লাগানোর জন্য একটি আঠাযুক্ত লেবেলের উপর স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তা মুদ্রণের অনুমতি দেয়।

স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তা প্রদর্শনের জন্য ব্যবহৃত আঠাযুক্ত লেবেলগুলো মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ আছে তা নিশ্চিত করা উৎপাদক/সরবরাহকারীর দায়িত্ব।

## স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলোর আবর্তন

ভোক্তা জ্ঞান বৃদ্ধি এবং স্বাস্থ্যের উপর ধূমপানের প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য তামাকজাত দ্রব্য সংক্রান্ত স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো আবর্তন করতে হবে।

ধূমপানের মাধ্যমে গৃহীত সকল তামাকজাত দ্রব্যের (সিগার ও বিড়ি ছাড়া) সব ধরনের খুচরা মোড়কের উপর মুদ্রিত স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো মানদণ্ডের বর্ণনা অনুযায়ী প্রতি 12 মাস পর পর সাতটি সতর্কীকরণের দু'টি সেটে আবর্তন করা আবশ্যক। এতে আলগা তামাক পাতা ('নিজে-রোল-করুন' ও পাইপের তামাক) এবং সীসা/হুক্কার তামাক অন্তর্ভুক্ত রয়েছে।

সেইসাথে, তামাকজাত দ্রব্য নির্বিশেষে, স্বাস্থ্য সম্পর্কিত সকল সতর্কীকরণ বার্তা অবশ্যই পালাক্রমে আবর্তন করে প্রদর্শন করতে হবে যাতে প্রত্যেক ধরনের তামাকজাত দ্রব্যের ক্ষেত্রে প্রতিটি সতর্কীকরণ বার্তা যতটা সম্ভব সমান সংখ্যায় প্রদর্শিত হয়। তামাকজাত দ্রব্য ভিন্ন ধরনের হবে যদি সেগুলো ভিন্ন ভিন্ন ব্র্যান্ড নামে বা রূপভেদের নামে বিক্রি করা হয়।

স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো আবর্তন করার বাধ্যবাধকতা আমাদানিকারক ও উৎপাদকের উপর বর্তায়। তবে, মানদণ্ডের উপধারা 1.3(1)-এ উৎপাদকের অর্থের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 'একজন ব্যক্তি যিনি একটি তামাকজাত দ্রব্যকে খুচরা মোড়কের ভেতরে প্রবেশ করান'।

সুতরাং, মানদণ্ড অনুযায়ী একজন খুচরা বিক্রেতা/ব্যক্তি স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো আবর্তন করার জন্য দায়বদ্ধ যদি তিনি:

- একটি একক সিগার খুচরা মোড়কের মধ্যে প্রবেশ করান; অথবা
- সাধারণ মোড়কজাতকরণের এবং/অথবা স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য কোনো তামাকজাত দ্রব্যকে পুনরায় খুচরা মোড়কের মধ্যে প্রবেশ করান।

স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো আবর্তনের শর্তগুলো সম্পর্কে আরো তথ্য www.productsafety.gov.au ওয়েবসাইটে পাওয়া যাবে।


এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

# আরো তথ্য

তামাকের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কে আরো তথ্য www.health.gov.au/tobaccopp ওয়েবসাইটে পাওয়া যাবে।

স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলো সম্পর্কে আরো তথ্য www.productsafety.gov.au. ওয়েবসাইটে পাওয়া যাবে। স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলো সম্পর্কে সরবরাহকারীর জন্য নির্দেশিকা, *পণ্যের নিরাপত্তা সম্পর্কে সরবরাহকারীর জন্য নির্দেশিকা: তামাকজাত দ্রব্যের স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ*, http://www.productsafety.gov.au/content/index.phtml/itemId/995029 ওয়েবসাইটে পাওয়া যাবে।

পরিমাপ উল্লেখ করা সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে: http://www.measurement.gov.au/TradeMeasurement/Business/Pages/Pre-packagedGoods.aspx.

তামাকের সাধারণ মোড়কজাতকরণের বা স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর আইনগুলোর অধীনে আপনার বাধ্যবাধকতাগুলো সম্পর্কে আপনি নিশ্চিত না হলে, অথবা শর্তগুলো বুঝতে আপনার সমস্যা হলে, আপনার নিজস্ব স্বতন্ত্র পরামর্শ চাওয়া উচিত।

**দ্রষ্টব্য: এটি একটি নির্দেশিকা মাত্র। এতে তামাকের সাধারণ মোড়কজাতকরণের বা স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কবাণীর সবগুলো শর্ত তালিকাভুক্ত করা হয়নি।**

**তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কবাণীর পূর্ণাঙ্গ শর্তগুলোর জন্য, আপনাকে অবশ্যই আইন-কানুনগুলো পড়তে হবে।**

**আইন-কানুনগুলোর লিংকগুলো 3 নম্বর পৃষ্ঠায় দেয়া হয়েছে।**

এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

www.health.gov.au/tobaccopp

এই ডকুমেন্টটি শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করতে হবে এবং আইনী পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণীর শর্তগুলোর জন্য আপনি আপনার নিজস্ব পেশাগত ও আইনী পরামর্শ গ্রহণ করা উচিত। এই প্রকাশনার সবগুলো তথ্য 2014 সালের সেপ্টেম্বরে সঠিক।

10732 SEP 2014